



বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য (ভারপ্রাপ্ত) -এর  
শ্রদ্ধাঞ্জলি নিবেদন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ আজ ২০ মার্চ-২০২১, শনিবার বেলা ১১টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে (ধানমন্ডির ৩২নং-এ) শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, প্রক্টর ড. মোস্তফা কামাল, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন, সহকারী প্রক্টর ও বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ এবং কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব প্রদান করায় এসময় তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ এবং বঙ্গবন্ধু কন্যা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।